গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৯৭ তারিখ: ৬ আষাঢ় ১৪২৯
২০ জুন ২০২২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

**সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেত দেখাতে হবে না।**

**২। আজ ২০ জুন ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৬ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রাজশাহী, রংপুর, দিনাজপুর, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, ফরিদপুর, ঢাকা, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দরসমূহকে ১ নম্বর পুনঃ ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ২০ জুন ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।**
**পূর্বাভাসঃ রংপুর, রাজশাহি, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অ স্থায়ীভাবে দমকা হাওয়ার সাথে প্রবল বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।**
**তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।**
**৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টির প্রবনতা অব্যাহত থাকতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৩.৫ | ৩২.৬ | ৩২.২ | ৩০.৫ | ৩৫.০ | ৩২.৪ | **৩৫.৪** | ৩২.৬ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.৩ | ২৫.০ | ২২.০ | ২৪.৩ | ২৪.৪ | ২৩.৬ | ২৪.২ | ২৪.৩ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল মংলা ৩৫.৪° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সীতাকুন্ড ২২.০ ° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

**৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস**

দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে ।

- আবহাওয়া সংস্থাসমূহের গাণিতিক মডেলভিত্তিক পূর্বাভাস অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল

এবং তৎসংলগ্ন ভারতের আসাম, মেঘালয়, ত্রিপুরা ও হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গের স্থানসমূহে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ফলে আগামী ৪৮ ঘন্টায় ব্রহ্মপুত্র-যমুনা, গঙ্গা-পদ্মা, ধরলা ও দুধকুমারসহ সকল প্রধান নদ-নদীসমুহের পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। ভারতের মেঘালয় প্রদেশে ভারী বর্ষণের প্রবণতা কমে এসেছে।

- আগামী ২৪ ঘন্টায় উত্তর-পূর্বাঞ্চলের সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোণা জেলার বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে, অপরদিকে হবিগঞ্জ জেলার বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় তিস্তা নদীর পানি সমতল বিপদসীমার কাছাকাছি অথবা উপরে অবস্থান করতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় লালমনিরহাট, নীলফামারী, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, বগুড়া, সিরাজগঞ্জ, জামালপুর ও টাঙ্গাইল জেলার বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ফলে চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি ও বান্দরবান জেলার নদ-নদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
|---|---|---|---|
| বৃদ্ধি | ৭৬ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ২৯ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | ০৪ | **বিপদসীমার উপরে** | ১৯ |
| **বন্যা আক্রান্ত জেলার সংখ্যা** | | | ১১ |
| **বিরপদসীমার উপরে নদীর সংখ্যা** | | | ০৯ |

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২০ জুন, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| ক্রঃ নং | জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কুড়িগ্রাম | হাতিয়া | ব্রহ্মপুত্র | ২৫.৭৭ | +১৬ | ২৪.৭৫ | +১০২ |
| ২ | কুড়িগ্রাম | চিলমারী | ব্রহ্মপুত্র | ২৪.২২ | +১৮ | ২৩.৭০ | +৫২ |
| ৩ | কুড়িগ্রাম | কুড়িগ্রাম | ধরলা | ২৬.৯৪ | +১৬ | ২৬.৫০ | +৪৪ |
| ৪ | গাইবান্ধা | ফুলছড়ি | ব্রহ্মপুত্র | ১৯.৮৬ | +২২ | ১৯.৩৫ | +৫১ |
| ৫ | গাইবান্ধা | গাইবান্ধা | ঘাগট | ২২.০২ | +১৭ | ২১.৭০ | +৩২ |
| ৬ | বগুড়া | সারিয়াকান্দি | যমুনা | ১৭.২১ | +২৩ | ১৬.৭০ | +৫১ |
| ৭ | সিরাজগঞ্জ | কাজিপুর | যমুনা | ১৫.৬৮ | +২০ | ১৫.২৫ | +৪৩ |
| ৮ | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ | যমুনা | ১৩.৬৯ | +২১ | ১৩.৩৫ | +৩৪ |
| ৯ | জামালপুর | বাহাদুরাবাদ | যমুনা | ১৯.৫২ | +২৩ | ১৯.০৫ | +৪৭ |
| ১০ | নেত্রকোনা | কলমাকান্দা | সোমেশ্বরী | ৭.৪৭ | -২০ | ৬.৫৫ | +৯২ |
| ১১ | নেত্রকোনা | নুনখাওয়া | ব্রহ্মপুত্র | ২৬.৭৩ | +১০ | ২৬.৫০ | +২৩ |
| ১২ | টাংগাইল | পোড়াবাড়ী | যমুনা | ১২.১০ | +৩০ | ১১.৯০ | +২০ |
| ১৩ | সিলেট | কানাইঘাট | সুরমা | ১৩.৯০ | -২৮ | ১২.৭৫ | +১১৫ |
| ১৪ | সিলেট | সিলেট | সুরমা | ১১.৩৫ | -০৭ | ১০.৮০ | +৫৫ |
| ১৫ | সিলেট | অমলশীদ | কুশিয়ারা | ১৭.২৪ | +২৪ | ১৫.৪০ | +১৮৪ |
| ১৬ | সিলেট | শেওলা | কুশিয়ারা | ১৩.৬৮ | ০০ | ১৩.০৫ | +৬৩ |
| ১৭ | সিলেট | বাল্লা | খোয়াই | ২২.৩৫ | +১৩৮ | ২১.২০ | +১১৫ |
| ১৮ | সুনামগঞ্জ | সুনামগঞ্জ | সুরমা | ৮.২০ | -১৪ | ৭.৮০ | +৪০ |
| ১৯ | সুনামগঞ্জ | দেরাই | পুরাতন সুরমা | ৭.৫৭ | -০৬ | ৬.৫৫ | +১০২ |

**বৃষ্টিপাতের তথ্য**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| চট্টগ্রাম | ২৪২.০ | পরশুরাম (ফেনী) | ১৭৫.০ | রাঙামাটি | ১৫৫.০ |
| টেকনাফ | ১৪৬.০ | কুমিল্লা | ১০০.০ | বান্দরবন | ৯৫.০ |
| নারায়াণহাট (চট্টগ্রাম) | ৯২.০ | কক্সবাজার | ৮৮.০ | পাচপুকুরিয়া (চট্টগ্রাম) | ৯০.০ |
| বগুড়া | ৮৫.০ | বরিশাল | ৮৩.০ | লালাখাল (সিলেট) | ৮২.০ |
| জাফলং (সিলেট) | ৮২.০ | আত্রাই (নওগাঁ) | ৮২.০ | লামা (বান্দরবন) | ৮১.০ |

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| চেরাপুঞ্জি (মেঘালয়) | ১২২.০ | পাসিঘাট (অরুণাচল) | ৬৪.০ | আগরতলা (ত্রিপুরা) | ৬৩.০ |

## ৫।অতিবৃষ্টি, পাহাড়ী ও উজান থেকে পানি আসার কারণে দেশের কয়েকটি জেলার সার্বিক বন্যা পরিস্থিতিঃ

| | | | | |
|---|---|---|---|---|
| বন্যা উপদ্রুত জেলার সংখ্যা | | = | ১৫ | টি |
| বন্যা উপদ্রুত উপজেলার সংখ্যা | | = | ৯২ | টি |
| বন্যা উপদ্রুতইউনিয়ন সংখ্যা | | = | ৫১৩ | টি |
| পানিবন্দি পরিবার সংখ্যা | | = | ৫৬৭৬৫৩ | টি |
| বন্যায় ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা | | = | ২৮৪২৩৭২ | জন |
| বন্যায় মৃতের সংখ্যা | | = | ২ | জন |
| বরাদ্দকৃতজিআর চাল | | = | ৭০০ | মে.টন |
| (বিতরণ | ১৩৯৪.৫৬ | মে.টন) | | |
| বরাদ্দকৃতজিআর ক্যাশ | | = | ৩১৫০০০০০ | টাকা |
| (বিতরণ | ১৭৩৫৫০০০ | টাকা) | | |
| বরাদ্দকৃতশিশুখাদ্য | | = | ০.০০ | টাকা |
| (বিতরণ | ২৬৭০০০০ | টাকা) | | |
| বরাদ্দকৃত গো-খাদ্য | | = | ০.০০ | টাকা |
| (বিতরণ | ২১৫০০০০ | টাকা) | | |
| বরাদ্দকৃত শুকনা খাবার | | = | ৭৭০০০ | প্যাকেট |
| (বিতরণ | ২৩৩৮৮ | প্যাকেট) | | |
| বরাদ্দকৃত ঢেউটিন | | = | ০ | বান্ডিল |
| (বিতরণ | ০ | বান্ডিল) | | |
| বরাদ্দকৃত গৃহনির্মাণ মঞ্জুরী বাবদ | | = | ০.০০ | টাকা |
| (বিতরণ | ০.০০ | টাকা) | | |
| আশ্রয়কেন্দ্র খোলার সংখ্যা | | = | ১৪৯৪ | টি |
| আশ্রিত লোক সংখ্যা | | = | ৪২৫৮৭১ | জন |
| ** গো-খাদ্য ও শিশুখাদ্য পূর্বের মজুদ থেকে বিতরণ করা হয়েছে। | | | | |

## ৬। বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা হিসেবে বিতরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ১৬/০৬/২০২২খ্রিঃ থেকে ২০/০৬/২০২২ক্রিঃ তারিখ পযর্ন্ত বরাদ্দঃ

| ক্রঃ নং | জেলার নাম | ত্রাণ কার্য (চাল) বরাদ্দের পরিমান (মেঃটন) | ত্রাণ কার্য (নগদ) অর্থ বরাদ্দের পরিমান (টাকা) | শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমান (প্যাকেট/বস্তা) |
|---|---|---|---|---|
| ১। | হবিগঞ্জ | - | ১০,০০,০০০/- | ২,০০০ |
| ২। | মৌলভীবাজার | ১০০ | ১০,০০,০০০/- | ২,০০০ |
| ৩। | শেরপুর | - | ১০,০০,০০০/- | ৪,০০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | জামালপুর | - | - | ৪,০০০ |
| ৫। | নেত্রকোনা | ২০০ | ৩০,০০,০০০/- | ৮,০০০ |
| ৬। | কিশোরগঞ্জ | - | - | ২,০০০ |
| ৭। | নীলফামারী | - | ৫,০০,০০০/- | ৩,০০০ |
| ৮। | সিলেট | ১২০০ | ১,৬৩,০০,০০০/- | ২৫,০০০ |
| ৯। | সুনামগঞ্জ | ৭২০ | ১৪৮,০০,০০০/- | ১৭,০০০ |
| ১০। | রংপুর | | | ৩,০০০ |
| ১১। | কুড়িগ্রাম | | ১০,০০,০০০/- | ১,০০০ |
| | **মোট** | **২২২০** | **৩,৮৬,০০,০০০/** | **৭১,০০০** |

**৭।বজ্রপাতঃ**

**নোয়াখালী:** জেলা প্রশাসন, নোয়াখালী থেকে প্রাপ্ত পত্র মারফত জানা যায় যে, গত ১৯/০৬/২০২২খ্রিঃ তারিখ ময়মনসিংহ জেলার হাতিয়া উপজেলায় মাছ ধরার সময় ০১জন বজ্রপাতে নিহত হয়েছে। নিহত ব্যক্তির পরিবারকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে ২৫,০০০/- টাকা মানবিক সহায়তা প্রদান করা হয়েছে।

**সিরাজগঞ্জঃ** জেলা প্রশাসন, সিরাজগঞ্জ থেকে প্রাপ্ত পত্র মারফত জানা যায় যে, গত ১৭/০৬/২০২২খ্রিঃ তারিখ সিরাজগঞ্জ জেলার সদর উপজেলায় বজ্রপাতে ২ জন নিহত ও ২ জন আহত হয়েছে। নিহতদের প্রত্যেকের পরিবারকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে ২৫,০০০/- টাকা এবং আহতদের প্রত্যেককে ৭৫০০/- টাকা করে মানবিক সহায়তা প্রদান করা হয়েছে।

**কক্সবাজারঃ** জেলা প্রশাসন, কক্সবাজার থেকে প্রাপ্ত পত্র মারফত জানা যায় যে, গত ১৯/০৬/২০২২খ্রিঃ তারিখ বজ্রপাতে কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলায়০২ জন এবং পেকুয়া উপজেলায় ০১ জন নিহত হয়েছে। নিহতদের প্রত্যেকের পরিবারকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে ২৫,০০০/- টাকা মানবিক সহায়তা প্রদান করা হয়েছে।

**ঢাকাঃ** জেলা প্রশাসন, ঢাকা থেকে প্রাপ্ত পত্র মারফত জানা যায় যে, গত ১৭/০৬/২০২২খ্রিঃ ঢাকা জেলার কেরানিগঞ্জ উপজেলায় সজিব সরকার, পিতাঃ রাজু মিয়া, গ্রামঃ মায়াবাজার বজ্রপাতেনিহত হয়েছে।

**৮। পাহাড় ধসঃ**

**চট্টগ্রামঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, চট্টগ্রাম টেলিফোনে জানিয়েছেন যে, অতিবৃষ্টির কারণে গত ১৭/০৬/২০২২খ্রিঃ তারিখ রাতে গতকাল চট্টগ্রাম মহানগরীর আকবরশাহ থানাধীন বিজয়নগর উত্তর পাহাড়লীর ফিরোজশাহ এলাকায় পাহাড় ধসে ৪ জন ব্যক্তি নিহত ও ২ জন আহত হয়েছে। মানবিক সহায়তা হিসেবে মৃত ব্যক্তিদের দাফন কাফনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে মাথাপিছু ২৫,০০০/- টাকা হারে মোট ১,০০,০০০/- টাকা এবং আহতদের চিকিৎসার জন্য মাথাপিছু ১৫,০০০/- টাকা হারে মোট ৩০,০০০/- টাকা প্রদান প্রক্রিয়াধীন রয়েছে। অবিরাম এবং ভারী বর্ষণের কারণে চট্টগ্রাম মহানগরীর নিচু এলাকাসমূহ জলমগ্ন হওয়ায় জনদুর্ভোগ সৃষ্টি হয়েছে। চট্টগ্রাম মহানগরে ১৯টি আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে। পরিস্থিতির উপর সার্বক্ষণিক নজর রাখা হচ্ছে।

**৯। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৮ জুন, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৯ জুন, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ০৯ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৬ | ০ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | রংপুর | ০ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ১ | ০ | ০ |
| ৮। | খুলনা | ০ | ০ | ০ |
| | **মোট** | **০৯** | **০** | **০** |

২০-৬-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা


ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com


স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৯৭/১(১৭১)

তারিখ: ৬ আষাঢ় ১৪২৯
২০ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল)
৯) জেলা প্রশাসক (সকল)
১০) উপ-পরিচালক (সকল)
১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর


২০-৬-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা